# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭০৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ দুনিয়াবী সহায়-সম্পত্তিতে অত্যধিক লিপ্ত হওয়ার ব্যাপারে সতর্কবার্তা কেননা এটি মানুষকে দুনিয়ার ব্যাপারে আসক্ত করে তোলে, তবে যাকে আল্লাহ রক্ষা করেন, সে ব্যতীত

ذِكْرُ الزَّجْرِ عَنِ اتِّخَاذِ الضِّيَاعِ إِذِ اتِّخَاذُهَا يُرَغِّبُ فِي الدُّنْيَا إِلَّا مَنْ عَصَمَ اللَّهُ جل وعلا

আরবী

708 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَازِمٍ عَنِ الْأَعْمَشِ عَنْ شِمر بْنِ عَطِيَّةَ عَنِ الْمُغِيرَةِ بْنِ سَعْدِ بْنِ الْأَخْرَمِ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَتَّخِذُوا الضَّيْعَةَ فَتَرْغَبُوا فِي الدُّنْيَا) قَالَ عَبْدُ اللَّهِ: وَبِالْمَدِينَةِ وما بالمدينة وبراذان وما براذان

الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 708 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭০৮. আব্দুল্লাহ বিন মাসঊদ রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “দুনিয়ার সহায়-সম্পদকে (জমি, বাগান, ক্ষেত-খামার প্রভৃতি) আকড়ে ধরবে না, তবে তোমরা দুনিয়ার ব্যাপারে আসক্ত হয়ে যাবে।”

আব্দুল্লাহ বিন মাসঊদ রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু বলেন, “যা মদীনায় রয়েছে, তা মদীনায় থাকবে; যা রাযানে রয়েছে, তা রাযানে থাকবে। (অন্য বর্ণনায় রয়েছে, ঐ ব্যক্তির অবস্থা কেমন, যার একাধিক পরিবার রয়েছে; কোনটা মদীনায় আবার কোনটা রাযানে?”)[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ৩৭৯; মুসনাদ আহমাদ: ১/৩৭৭; তিরমিযী: ২৩২৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪০৩৫; তারীখু বাগদাদ: ১/১৮।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট করে কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89210

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন